"শেখ হাসিনার উদ্যোগ-ঘরে ঘরে বিদ্যুৎ"

মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি

(এলাকা ভিত্তিক পল্লী বিদ্যুতায়ন কার্যক্রম)

মেহেরপুর-৭১০০।

মোবাইল নং - ০১৭৬৯- ৪০০০৪৮, ফোন নং- ০৭৯১-৬২৪১১, ৬২২৫৮ ই-মেইল নং- gmmpbs@gmail.com, www. pbs.meherpur.gov.bd

স্মারক নং-২৭.১২.৫৭৮৭.৫৪১.০৩.৪০১.২০ ৩৭৪৬

তারিখ ঃ- ০৩/১০/২০২০ খ্রিষ্টাব্দ।
১৮ আশ্বিণ' ১৪২৭ বঙ্গাব্দ।

"নিয়োগ বিজ্ঞপ্তি"

মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতির মিটার রিডার কাম ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে লোকবল নিয়োগ/প্যানেল তৈরীর নিমিত্ত আগ্রহী প্রাক্তন মিটার রিডার (চুক্তিভিত্তিক)/ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/মিটার রিডার কাম ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) প্রকৃত বাংলাদেশী নাগরিক গণের নিকট হতে নিম্নবর্ণিত যোগ্যতা ও শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে আবেদন পত্র আহবান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	বেতন স্কেল	প্রার্থীর যোগ্যতা
০১	মিটার রিডার কাম ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)	পবিস বেতন কাঠামো-২০১৬ অনুযায়ী বেতন স্কেল-১৪,৭০০.০০ হতে ২৬,৪৮০.০০ সহ নিয়ম অনুযায়ী বাড়ী ভাড়া, চিকিৎসা ভাতা, যাতায়াত ভাতা সহ অন্যান্য ভাতাদি।	০১। **বয়সসীমা ঃ** প্রার্থীর সর্বোচ্চ বয়স সীমা ৫২ (বায়ান্ন) বছর ০২/১০/২০২০ খ্রিঃ তারিখে)। সর্বোচ্চ ০৯ (নয়) বছর বা ৫৫ বছর বয়স পর্যন্ত (যেটি আগে আসে) চুক্তি নবায়ন করা যাবে। বয়সের ক্ষেত্রে কোন প্রকার এ্যাফিডেভিট গ্রহণযোগ্য নয়। ০২। **অভিজ্ঞতা ঃ** আগ্রহী প্রার্থীর মিটার রিডার (চুক্তিভিত্তিক)/ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/ মিটার রিডার কাম ম্যাঞ্জোর (চুক্তিভিত্তিক) পদে ০৩ (তিন) বছর/ ০৬(ছয়) বছর/ ০৯(নয়) বছর ধারাবাহিক ও সন্তোষজনকভাবে কর্ম সম্পাদনের অভিজ্ঞতা থাকতে হবে। ০৩। **অন্যান্য যোগ্যতা ঃ** (ক) প্রার্থীকে সৎ, বিশ্বস্ত, মার্জিত ব্যক্তিত্ব, সুঠাম দেহ ও সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। (খ) প্রার্থীর নিজস্ব বাইসাইকেল থাকতে হবে এবং বাইসাইকেল চালনায় পারদর্শী হতে হবে। (গ) প্রার্থীকে পাটিগণিতের মৌলিক বিষয় অর্থ্যাৎ যোগ, বিয়োগ, গুণ ও ভাগ ইত্যাদি সম্পর্কে সম্যক ধারনা থাকতে হবে।

শর্তাবলী ঃ

০১ **আবেদনপত্র পূরণ ও জমাদান ঃ** মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি এর ওয়েব সাইট http://pbs.meherpur.gov.bd হতে (ফরম নং- পমসপ-১১০-০০২, ভার্সন-০১) ডাউন লোড পূর্বক নিজ হাতে পূরণ করে আগামী ২২/১০/২০২০ খ্রিঃ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ের মধ্যে জেনারেল ম্যানেজার, মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি, মেহেরপুর বরাবর ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করতে হবে কোন প্রার্থীর কোন পবিসে কর্মরত থাকাকালীন অবস্থায় আবেদন গ্রহনযোগ্য হিসেবে বিবেচিত হবে না । অর্থাৎ সন্তোষজনক ও ধারাবাহিক ভাবে ০৩/০৬/০৯ বৎসরের চুক্তি সম্পন্ন করতে হবে । সাদা কাগজে লিখিত বা টাইপ করা কোন আবেদনপত্র এবং উল্লেখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদন পত্র গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।

০২ **আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজাদি সংযুক্ত করতে হবে ঃ**

(ক) ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি।
(খ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদের সত্যায়িত কপি।
(গ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি।
(ঘ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভার মেয়র/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ পত্রের সত্যায়িত কপি।
(ঙ) প্রথম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ পত্র।
(চ) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রদত্ত অভিজ্ঞতা সনদ আবেদনপত্রের সহিত দাখিল করতে হবে। যা এজিএম (প্রশাসন/এইচ আর) কর্তৃক সত্যায়িত থাকতে হবে। অভিজ্ঞতা সনদ পত্রে প্রতিটি চুক্তিকাল তারিখ সহ ছকে উল্লেখ পূর্বক বর্ণনা, জন্ম তারিখ, বর্তমান বয়স ইত্যাদি স্পষ্ট ভাবে (কোন পবিসে কত তারিখ হতে কত তারিখ পর্যন্ত দায়িত্ব পালন করেছেন অথবা করছেন) উল্লেখ করতে হবে।

০৩। অন্যান্য শর্তাবলী ঃ

(ক) নিয়োগ প্রাপ্ত প্রার্থীকে মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতির অনুকূলে নিরাপত্তা জামানত হিসাবে ১০,০০০/- (দশ হাজার) টাকা জমা প্রদান করতে হবে, যাহা সন্তোষজনক চুক্তি সমাপনান্তে ব্যাংক কর্তৃক প্রদত্ত মুনাফা সহ ফেরত দেয়া হবে।

(খ) নির্বাচিত প্রার্থীদেরকে প্রাথমিক ভাবে মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতিতে নিয়োগ দেয়া হবে। তবে বাপবিবোর্ড এর নির্দেশনা মোতাবেক প্রার্থীর চাকুরী বাংলাদেশের যে কোন পল্লী বিদ্যুৎ সমিতিতে স্থানান্তর করা যেতে পারে।

(গ) যে সকল প্রার্থী ইতোপূর্বে অত্র পবিসে মিটার রিডার (চুক্তিভিত্তিক)/ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/ মিটার রিডার কাম ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে ০৩ (তিন) বছর / ০৬ (ছয়) বছর / ০৯ (নয়) বছর কর্মরত ছিলেন তাদের আবেদন করার প্রয়োজন নাই।

(ঘ) দুই বা অধিক সহোদরের যে কোন একজন আবেদন করতে পারবেন। দুই সহোদর নিয়োগ প্রাপ্ত হলেও পরবর্তীতে তাহা প্রমানিত হলে নিয়োগ প্রাপ্ত উভয়ের চুক্তি বাতিল করা হবে।

(ঙ) অত্র সমিতিতে কর্মরত কোন কর্মকর্তা/কর্মচারী বা বোর্ড পরিচালক/মহিলা পরিচালকগণের রক্তের সম্পর্কিত কেউ অথবা তাদের স্বামী/স্ত্রী গণের রক্তের সম্পকিত কেউ আবেদন করতে পারবেন না।

(চ) প্রাপ্ত আবেদন পত্র সমূহ নিয়োগ কমিটি কর্তৃক বাছাই কার্য সম্পাদন পূর্বক উক্ত পদে জনবল নিয়োগের ক্ষেত্রে (On Job Service length) বিবেচনা করতঃ জ্যেষ্ঠতা নির্ধারণ পূর্বক প্যানেল প্রস্তত করা হবে। জ্যেষ্ঠতা নির্ধারণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তসমূহ প্রতিপালিত হবে ঃ

১। একাধিক প্রার্থীর চাকুরীকাল একই হলে জ্যেষ্ঠতা নির্ধারণের ক্ষেত্রে মিটার রিডার কাম ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) কিংবা মিটার রিডার বা ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে প্রথম যোগদানের তারিখ বিবেচনা করা হবে।

২। চাকুরীকাল এবং উক্ত পদে প্রথম যোগদানের তারিখ একই হলে জন্ম তারিখ অনুযায়ী জ্যেষ্ঠতা নির্ধারিত হবে। অর্থ্যাৎ আগে জন্মগ্রহণকারী জ্যেষ্ঠ হিসাবে বিবেচিত হবেন।

৩। চাকুরীকাল, উক্ত পদে প্রথম যোগদানের তারিখ এবং জন্ম তারিখ একই হলে সেক্ষেত্রে প্রার্থীর আবেদনপত্র মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতিতে গ্রহনের ডায়েরী নম্বরের ক্রমানুযায়ী প্যানেলের ক্রম নির্ধারিত হবে।

(ছ) নির্বাচিত প্রার্থীকে ০৩ (তিন) বছরের জন্য (চুক্তিভিত্তিক) নিয়োগ দান করা হবে। চুক্তিকালীন সময়ে কর্মমূল্যায়ন ও পুলিশ ভেরিফিকেশন প্রতিবেদন (ইতিপূর্বে তদন্ত করা না হলে) সন্তোষজনক বিবেচিত হলে চুক্তিকালীন সময় উত্তীর্ণ হওয়ার ২/১ কর্মদিবস বিরতি দিয়ে পূনরায় ০৩ (তিন) বছরের মেয়াদের জন্য চুক্তি সম্পাদন করা যেতে পারে। তবে সর্বোচ্চ ০৯ (নয়) বছর বা ৫৫ বছর বয়স পর্যন্ত (যেটি আগে আসে) চুক্তি নবায়ন করা যাবে।

(জ) নির্বাচিত প্রার্থীগণকে সম্পূর্ণরূপে চুক্তিভিত্তিতে নিয়োগ দেয়া হবে। যা কখনও কোনক্রমেই নিয়মিত করা হবে না।

(ঝ) চুক্তির মেয়াদ উত্তীর্নের পূর্বেই কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে শৃংখলাজনিত কারণে বা স্বেচ্ছায় অব্যাহতি প্রাপ্ত /অপসারিত/ বরখাস্ত / চাকুরীচ্যুত / দেশের কোন ফৌজদারী আদালত কর্তৃক দন্ড প্রাপ্ত হলে তাদের আবেদন করার প্রয়োজন নাই।

(ঞ) প্রতারণামূলক ভাবে স্থায়ী ঠিকানা ভুল দিলে অথবা কেউ তথ্য গোপন করে নিয়োগ প্রাপ্ত হলে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষনিক ভাবে বরখাস্ত করন সহ দেশের প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

(ট) অত্র পবিসের অন্তর্ভূক্ত দুইটি জেলা (মেহেরপুর জেলার- মেহেরপুর সদর, গাংনী, মুজিবনগর উপজেলা এবং চুয়াডাঙ্গা জেলার- চুয়াডাঙ্গা সদর, আলমডাঙ্গা, দামুড়হুদা, জীবননগর উপজেলা) ও কুষ্টিয়া জেলার মিরপুর উপজেলার আমবাড়িয়া ও মালিহাদ ইউনিয়নে স্থায়ী ভাবে বসবাসকারী বাসিন্দাদের আবেদন করার প্রয়োজন নাই।

(ঠ) অসম্পূর্ণ / ভুল আবেদন পত্র বাতিল বলে গন্য হবে।

(ড) নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গন্য হবে।

০৬.১০.২০

(প্রকৌঃ নূর মোহাম্মদ)
জেনারেল ম্যানেজার

অনুলিপি ঃ-(সদয় অবগতির জন্য)

০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
০২। পরিচালক, পবিস মানব সম্পদ ব্যবস্থাপনা পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।(ব্যাপক প্রচারের জন্য বাপবিবোর ওয়েব সাইটে প্রচারের অনুরোধ করা হল)
০৫। জেলা প্রশাসক, মেহেরপুর/চুয়াডাঙ্গা।
০৬। পুলিশ সুপার, মেহেরপুর/চুয়াডাঙ্গা।
০৭। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, ... পবিস ১/২/৩/৪।
০৮। ডিজিএম, (সদর-কারিগরী/চুয়াডাঙ্গা/আলমডাঙ্গা/গাংনী) জোনাল অফিস, মেপবিস।
০৯। এজিএম (প্রশাসন/অর্থ-হিসাব/রাজস্ব/এমএস/ওএন্ডএম-সদর), মেপবিস।
১০। এজিএম (ওএন্ডএম-দর্শনা/জীবননগর/বামন্দী/মুজিবনগর) সাব জোনাল অফিস, মেপবিস।
১১। অফিস কপি/মাষ্টার কপি।

(ব্যাপক প্রচারের জন্য নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধ করা হল)

০৬.১০.২০

(প্রকৌঃ নূর মোহাম্মদ)
জেনারেল ম্যানেজার